

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আমার বাড়ি আমার খামার প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.ebek-rdcd.gov.bd


স্মারক নং-এবাএখা/প্রশা/পঞ্চগড়/১৫১/২০১০- ৫৮০৯ (ক)

তারিখঃ ২৯.০৬.২০২১ খ্রি।

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

জনাব মো: রওশনুজ্জামান, উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, আটোয়ারী, পঞ্চগড়- আপনি মাঠ পর্যায়ে মাঠ সহকারী, ফিল্ড সুপারভাইজার ও উপজেলা সমন্বয়কারীদের পারফরমেন্সের রিপোর্টে মাঠ সহকারী জনাব মো: সিদ্দিকুল ইসলামের সাময়িক বরখাস্তের তথ্য প্রদান না করেই প্রকল্পের প্রধান কার্যালয়ে রিপোর্ট প্রেরণ করেছেন। একইসাথে মাঠ সহকারী জনাব মো: সিদ্দিকুল ইসলাম সাময়িক বরখাস্ত থাকা কালীন প্রকল্প হতে পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তর হওয়ার নোটিশ পাওয়ার পরেও আপনি প্রকল্প সদর দপ্তরে কোন প্রকার যোগাযোগ করেননি। উক্ত তথ্য না জানানোর কারণে সদর দপ্তরকে বিভ্রান্তির সম্মুখীন হতে হয়েছে।

বর্ণিত বিষয়টি অত্যন্ত হতাশাজনক, অফিস শৃঙ্খলা পরিপন্থি এবং ধৃষ্টতার সামিল। এমতাবস্থায়, তথ্য গোপন করার জন্য কেন আপনার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পল্লী সঞ্চয় ব্যাংকে সুপারিশ করা হবেনা তার ব্যাখ্যা আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।



(আব্বার হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্তি সচিব)

ফোনঃ ০২-৯৩৫৯০৮৩, ফ্যাক্সঃ ০২-৯৩৪৮২০৬

জনাব মো: রওশনুজ্জামান, উপজেলা সমন্বয়কারী
আমার বাড়ি আমার খামার প্রকল্প, আটোয়ারী, পঞ্চগড়।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

১. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
২. জেলা প্রশাসক, পঞ্চগড়।
৩. উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী, পঞ্চগড়।
৪. উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, আটোয়ারী, পঞ্চগড়।
৫. জনাব....., আমার বাড়ি আমার খামার প্রকল্প, পঞ্চগড়।
৬. সংশ্লিষ্ট নথি।